District Sub-Registrar IV Alipur
24-Parganas and Registrar u/s 7(2)
of the Regn. Act, 1908

10000रु. भारतीय गैर न्यायिक Rs.10000

10000रु. Rs.10000

10000रु.Rs10000 दस हज़ार रुपये

10000रु.Rs10000 RUPEES TEN THOUSAND

10000रु. सत्यमेव जयते Rs.10000

भारत INDIA

INDIA NON JUDICIAL

02AA 958146

থানা - সোনারপুর, মৌজা কুমড়াখালি,

কুশুম্বা ও হুসেনপুর,

জমি - কমবেশী ৩২১ ½ শতক।

আনুমানিক মূল্য - ৪,০০০০০.০০ টাকা।

দানপত্র দলিল।

---

Admissible under Regn. Rule 21 and also u/s 58 of the West Bengal L.R. Act 1956 fully Stamped. Exempted from Stamp duty under the Indian Stamp Act 1899 as amended in 1964

Schedule A No 23444

Process Fee 450

Paid on C.S.S.

Certified that the deficit stamp duty of Rs 7340.00 has been realised from Sri S. A. Mondal by bank draft drawn on 1025 vide No 868314 11.7.02

District Sub-Registrar IV Alipur, 24 Parganas and Regd u/s 7(2) of the Regn. Act, 1908

দানপত্র গ্রহীতাদ্বয় :- - - -

---

(১) মহ : সামসুর আলি মণ্ডল (২) মহ: সিরাজুল আলি মণ্ডল।

উভয়ের পিতা জমসেদ আলি মণ্ডল। জাতি মুসলমান, পেশা চাষাদি।

সাং - কুমড়াখালি (কারবালা) থানা - সোনারপুর, পো: নরেন্দ্রপুর-

জেলা - দক্ষিণ ২৪ পরগনা ॥

---

Deficit fees A 17204.00
E 7.00
E 7.00
17218.00 realized
on 11/7/02

DSR IV

1000Rs.

INDIA NON JUDICIAL

१000रु.

Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हज़ार रुपये ONE THOUSAND RUPEES



দানপত্র দাতা :····

---

জমসেদ আলী মন্ডল , পিতা মৃত রহমান মন্ডল ।

জাতি মুসলমান, পেশা চাষাদি । সাং কুমড়াখালি ·

(কারবালা )থানা · সোনারপুর, পোঃ নরেন্দ্রপুর ··

জেলা · দক্ষিণ ২৪ পরগনা ॥

---

কস্য আমার পৈত্রিক ওয়ারিশান সূত্রে ও খরিদা সূত্রে প্রাপ্ত এবং পার্টিশান দ্বারা নির্দ্দিষ্ট সর্বপ্রকার হস্তান্তর যোগ্যের জমি জমা যায় বাস্তভূমিস্থিত পাকা ইমারত গৃহাদি যায় বৃক্ষ আকর আওলাতাদি সহ সম্পত্তি সম্পূর্ণ নির্দ্দায় নির্দ্দোষ পরিস্কার অবস্থায় শুভ দানপত্র দলিল পত্রমিদং কার্য্যাঞ্চাগে :·····

1000Rs.




(৩)

জেলা • দক্ষিণ ২৪ পরগনা, থানা ও এ্যাঃডিঃ সাবরেজিষ্ট্রী অফিস সোনারপুর এলাকাধীন, পরগনা মেদনমল্ল, মৌজা কুমড়াখালি গ্রামে অবস্থিত জেঃএলনং ৪৮, নিম্ন (ক) তপশীলে বর্ণিত ২০১ •• শতক জমি মায় গৃহাদি এবং কুশঘ্না মৌজাস্থিত জেঃএলনং '৫০ নিম্ন (খ) তপশীলে বর্ণিত ৩১ -১/২ শতক জমি এবং মৌজা জয়েনপুর গ্রামে অবস্থিত জেঃএলনং ৬৬ নিম্ন (গ) তপশীলে বর্ণিত ৮১ শতক জমি সহ উক্ত ও নিম্ন ক, খ, গ তপশীলে বর্ণিত সর্বমোট কমবেশী ৩২১ -১/২- •• শতক পরিমিত জমি জমা মায় বাস্তুভূমিস্থিত পাকা ছাদযুক্ত ৭০০ স্কোয়ারফুট পরিমাপে পুরাতন গৃহাদি মায় সাজপাটাদি সমেত সম্পত্তি আদি অত্র দানপত্রের দ্বারা দানকৃত সম্পত্তি হইতেছে ।

উক্ত ও নিম্ন (ক) ও (খ) তপশীল বর্ণিত দানকৃত জমি সহ আরো • বহুতর সম্পত্তি আদির তৎকালীন মালিক ও স্বত্বাধিকারী রহমান আলি মন্ডল মহাশয়ের নামে ॥। • অংশ এবং ফজলে মন্ডল মহাশয়ের নামে ॥ • অংশ বিগত ডিষ্ট্রিক্ট সেটেলমেন্ট • জরিপে রেকর্ডভুক্ত সম্পত্তি থাকে । অতঃপর উক্ত রহমান আলি মন্ডল পরলোক গমন করিলে তৎত্যক্ত সম্পত্তি তদীয় দুই পুত্র আমজেদ আলি মন্ডল ও জমসেদ আলি মন্ডল (দানপত্র দাতা)

1000Rs.

INDIA NON JUDICIAL

१000रू. Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हजार रुपये ONE THOUSAND RUPEES



এবং তিন কন্যা সহিদান বিবি, রহিদান বিবি ও পরিজান বিবি, পাঁচজন একযোগে পিতার ওয়ারিশান সূত্রে প্রাপ্ত হইয়া গত রিভিসন্যালসেটেলমেন্ট জরিপে নিজ নিজ নামে যথাযথ রকম অংশে রেকর্ডভুক্ত করাইয়া ভোগ দখলীকার থাকাবস্থায় উল্লেখিত রহিদান বিবি, পরিজান বিবি ও সহিদান বিবির (মৃত) ওয়ারিশানগন তাহাদের প্রাপ্ত অংশের জমি জমা বিগত ইংরাজী ১৯৮৫ সালে সোনারপুর সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ৫০৭৪ নং দলিল দ্বারা ভ্রাতা জমসেদ আলি মন্ডল ও ভাতুষ্পুত্র মুজিদ আলি মন্ডল দিগকে বিক্রয় করিয়া নিঃস্বত্ব হন। উক্তরূপে অত্র দানপত্র দাতা আমি পিতার ওয়ারিশান সূত্রে ও ভগ্নীগনের নিকট হইতে খরিদ সূত্রে উক্ত জমি জমা প্রাপ্ত হইয়া উক্ত জমির স্বার্থ সংশ্লিষ্ট অপর সরিক আমার সহোদর মৃত ভ্রাতার পুত্র মুজিদ আলি মন্ডল অজিত আলি মন্ডল, রওসন আলি মন্ডল ও রেজওয়ান আলি মন্ডল দিগর সহিত এবং উক্ত জমির অপর ।। অংশের সরিক ফজলে মন্ডলের ওয়ারিশ বাহার আলি মন্ডল দীং সহিত একযোগে খাষে ভোগ দখলীকার থাকাবস্থায় এজমাল দখলে অসুবিধা হইলে এবং পরস্পর ভোগ দখলের স্বার্থে ও সুবিধার্থে আমিউক্ত বাহার আলি মন্ডল দিগর সহিত বিগত ইংরাজী

৮।১২।১৯৬৮ সাল তারিখে সোনারপুর সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত বুক নং ১, ভল্যুম নং ৯০, পাতা ৪৯ হইতে ৪৬৫ নং পাতায় লিপিবদ্ধ ৬৮৭২ নং একখানি পার্টিশান দলিল দ্বারা নিজেদের মধ্যে আপোষে বিভাগ বন্টন করিয়া যে যাহার মত পৃথক চিহ্নিতরূপে খাসে ভোগ দখলীকার আছি। উক্ত পার্টিশান দলিলের সর্ত্ত বা মর্ম্মমত আমি অত্র দানপত্র দাতা ও আমার ভাতুষপুত্র মুজিদ আলি মন্ডল, আজিত আলি মন্ডল, রওসন আলি মন্ডল ও রেজওয়ান আলি মন্ডল একযোগে প্রথমপক্ষভুক্ত হইয়া পার্টিশান দলিলের (খ) তপশীল বর্ণিত কুমড়াখালি মৌজাস্থিত ৪৩৯ শতক এবং কুশুম্বা মৌজাস্থিত ৮০ ১/২ শতক জমি প্রাপ্ত হই। উক্ত ৫১৯ শতক জমির মধ্যে অত্র দানপত্র দাতা আমার নিজ অংশমত আমার একক ।। আট আনা অংশ আছে এবং আমার ভাতুষপুত্র উক্ত মুজিদ আলি মন্ডল আজিত আলি মন্ডল, রওসন আলি মন্ডল ও রেজওয়ান আলি মন্ডল দিগরের একযোগে ॥ অংশ আছে। অতঃপর আমি নিম্ন তপশীল বর্ণিত কুমড়াখালি ও কুশুম্বা মৌজায় নিম্ন ক, খ তপশীলে বর্ণিত দানকৃত সমহূ জমি আমার উক্ত ভাতুষপুত্র মুজিত আলি মন্ডল দিগরের সহিত মৌখিক বিভাগ বন্টন করিয়া পৃথক চিহ্নিতরূপে নিজ দখলে কায়েম রাখিয়া ভোগ দখলীকার আছি। এবং নিম্ন (গ) তপশীল বর্ণিত জয়েনপুর মৌজাস্থিত দানকৃত জমি সহ ১৬২ শতক জমি জমা আমি ও আমার ভ্রাতা বিগত ইংরাজী ৯।৬।১৯৫০ সাল তারিখে বারুইপুর সাব রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত বুক নং ১ ভল্যুম নং ৪৬, পাতা ৭১ হইতে ৭৩ নং পাতায় লিপিবদ্ধ ৩৩৭১ নং সাফ কোবালা দলিল দ্বারা আমিনুদ্দি মন্ডল দিগর নিকট হইতে খরিদ করিয়া নিজ অংশের নিম্ন (গ) তপশীল বর্ণিত ৮১ শতক জমিতে পৃথক চিহ্নিতরূপে ভোগ দখলীকার আছি। উক্তরূপে উক্ত ও নিম্ন তপশীল বর্ণিত সমহূ দানকৃত সম্পত্তি আমি পার্টিশান সূত্রে ও খরিদ সূত্রে ও মৌখিক বিভাগ বন্টনমত চিহ্নিতরূপে দখল প্রাপ্ত হইয়া মালিক সরকারে ধার্য্য খাজনাদি আদায়ে অদ্যাবধি অন্যের বিনা সংশ্রবে নির্ব্বিবাদে খাসে ভোগ দখলীকার আছি। উহাতে আমার হস্তান্তরযোগ্য উত্তম স্বত্ব বিদ্যমান আছে।

অত্র দানপত্র গ্রহীতাদ্বয় তোমরা আমার পুত্র হইতেছো । তোমরা ব্যতীত আমার তিন কন্যা বিদ্যমান , কন্যাত্রয়কে আমি বহু অর্থ ব্যয়ে উপযুক্ত স্বচ্ছল পাত্রে বিবাহ দিয়েছি । কন্যাত্রয় প্রত্যেকে শ্বশুরালয়ে সন্তান সন্ততি লইয়া সুখে স্বচ্ছন্দে আছে । কন্যাত্রয়ের আমার সম্পত্তির কোন আবশ্যকতা নাই, তদুপরি আমি প্রত্যেক কন্যাকে কিছু কিছু নগদ অর্থ দিয়েছি । এবং অত্র দানপত্র গ্রহীতা ব্যতীত আমার অপর একপুত্র অবিবাহিত অবস্থায় অকাল মৃত্যু হইয়াছে । অত্র দানপত্র গ্রহীতাদ্বয় তোমাদের কোন ব্যবসা বা চাকুরিনাই । তোমরা আমার জমি জমাতে কৃষিকার্য্য করিয়া কোনক্রমেই জীবিকা নির্বাহ করো । তোমাদের আয়ের অন্য কোন উৎস নাই, তদুপরি তোমরা উভয়েই আমাকে ও আমার স্ত্রী অর্থাৎ তোমাদের মাতাকে যথেষ্ট সেবা, যত্ন, ভক্তি, শ্রদ্ধা ও সম্মান করো এবং আমাদের যাবতীয় ভরণপোষণ ও আদর আপ্যায়ণ দিয়ে আসিতেছো এবং আমাদের সর্বদা ও নিয়মিত খোঁজ খবর রাখিয়া চলো এবং আশা করি, আমরা যতদিন জীবিত থাকিব, ততদিন তোমরা ঐরূপসেবা, ভক্তির দ্বারা আমাদের মানসিক শান্তি দিবে। আমি ও তোমাদের উভয়েকেই বিশেষভাবে স্নেহ করি ও ভালোবাসি। এবং তোমাদের ভবিষ্যৎ মঙ্গলের জন্য সর্দাই উদ্‌গ্রীব । তোমরা আমার উক্ত সম্পত্তি প্রাপ্ত হইয়া ভোগ দখল করিলে আমি শান্তি পাইব। তোমাদের উক্তরূপে সেবা, যত্ন ও ভক্তিতে আমি পরম প্রীত ও সন্তুষ্ট হইয়া স্নেহ ও ভালোবাসার নিদর্শনস্বরূপ নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি তোমাদিগকে চিরতরে দান করিবার ইচ্ছা প্রকাশ করায় তোমরা আমার দান সানন্দে গ্রহন করিতে চাহিলে আমি অত্র দানপত্র দলিল দ্বারা উক্ত ও নিম্ন ক, খ, গ তপশীল বর্ণিত কমুড়াখালি , কুশমুা ও জয়েনপুর মৌজাস্থিত সর্বমোট ৩২১ শতক জমি যায় বাস্তু ভূমিস্থিত পাকা ছাদযুক্ত ইমারত গৃহাদি সহ সম্পত্তি আদি নিব্যূঢ় স্বত্বে তোমাদিগকে সমঅংশে চিরতরে দান করিলাম এবং অদ্যই দানকৃত সম্পত্তি আদি তোমাদের অনুকূলে খাস দখল দিয়া আমি চিরতরে নিঃস্বত্ব ও বেদখলীকার হইলাম ।

অত্র দানপত্র দলিল তোমাদের নাম বরাবর সম্পাদন করিয়া দিয়া এতদ্দারা স্বীকার-অঙ্গিকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে, তোমরা অদ্যহইতে নিম্ন তপশীল বর্ণিত -- দানকৃত সম্পত্তিতে আমার যাবতীয় স্বত্ত্বে স্বত্ববান ও দখলে কায়েম দখলীকার হইয়া -মালিক সরকারে ও পৌরসভাতে ও পঞ্চায়েতে আমার নামের স্থলে তোমাদের নিজ নিজ নাম পত্তনে ও নিরূপীত খাজনাদি ও ট্যাক্স্যাদি আদায়ে দান, বিক্রয়, বন্ধক গৃহাদি নির্ম্মান ইত্যাদি সর্বপ্রকারেরহস্তান্তর ও রূপান্তর করনের সার্বভৌম ক্ষমতাযুক্তে পুত্র, পৌত্রাদি -- ওয়ারিশান ও স্থলাভিষিক্তগনক্রমে পরম সুখে ভোগ দখল করিতে থাকো।তাহাতে আমি বা আমার স্ত্রী, কন্যাগন ও তদীয় ওয়ারিশান ও স্থলাভিষিক্তগনক্রমে কস্মিনকালে কোন-প্রকার ওজর আপত্তি বা দাবি, দাওয়া করিতে পারিব না বা পারিবেক না। করিলে ও তাহা-সর্বত্র ও সর্বাদালতে ও সর্ববিচারাধীনে অগ্রাহ্য, বাতিল ও নামঞ্জুর হইয়া অত্র দানপত্র দলিল-বহাল ও বলবৎ থাকিবে।

নিম্ন তপশীল বর্ণিত দানকৃত সম্পত্তি আদিতে আমার যে কিছু স্বত্ব, স্বামিত্ব-দখল, অধিকার, লভ্য, হক্ হককাদি স্বার্থ ও সম্পর্কাদি ছিল বা আছে তাহা অদ্য হইতে আমার-চিরতরে রদ ও রহিত হইয়া তোমাদের প্রতি সম্পূর্ণরূপে বর্ত্তাইল ও অর্পিল। অদ্য হইতে -- দানকৃত সম্পত্তিতে তোমরা তুল্যাংশে মালিক ও স্বত্বাধিকারী হইলে।

প্রকাশ থাকেযে, নিম্ন তপশীল বর্ণিত দানকৃত সম্পত্তি বা তাহার কোন অংশ আমি ইতিপূর্বে কাহাকে ও দান, বিক্রয়, বন্ধক বা দায়াবদ্ধ করি নাই বা উহাতে আমার অপর কোন সরিক বা অংশীদার নাই বা অপর কাহার ও দখলে নাই। সম্পূর্ণ নির্দ্দায় নির্দোষ পরিস্কার ও আমার দখলে থাকাবস্থায় তোমাদিগকে চিরতরে দান করিয়া ও অদ্যই দখল দিয়া আমি চিরতরে নিঃস্বত্ব ও বেদখলীকার হইলাম। তোমরা ও আমার দ্বিয়ত দান সানন্দে গ্রহন-করিয়া অদ্যই আমার নিকট হইতে দানকৃত সম্পত্তির দখল বুঝিয়া লইলে।

বিশেষভাবে উল্লেখ থাকে যে, অত্র দানপত্র দলিলের তপশীল ও দানকৃত জমির পরিমান - অত্র দানপত্র দাতা আমার কথামত ও আমার নির্দ্দেশমত লিখিত হইল। যদি ভবিষ্যতে - অত্র দানপত্র দলিলের কোন অংশে কোন প্রকার ভুল ত্রুটি থাকা বা অন্য কোন কারনে - অত্র দানপত্র দলিলের বুনিয়াদে কোন সংশোধনী বা পরিপূরক দলিল সম্পাদনের আবশ্যক- হইলে তাহা আমি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগনক্রমে তোমাদের তলবমত সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিতে সর্বদা বাধ্য থাকিলাম ।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনানুরোধে ও অন্যের দ্বারা পভাবিত ও প্ররোচিত না হইয়া সজ্ঞানে ও স্বাক্ষীগনের সম্মুখে অত্র দানপত্র দলিল পাঠ- করিয়া ও পাঠ শুনিয়া বুঝিয়া অত্র দানপত্র দলিল আমার নির্দ্দেশ ও পরামর্শমত লিখিত- হইয়াছে জানিয়া বুঝিয়া স্থিরভাব বুদ্ধিতে থাকিয়া আপন খুশীতে অত্র দানপত্র দলিল - তোমাদের নাম বরাবর যথারীতি সহি সম্পাদন করত: রেজিষ্ট্রী করাইয়া দিলাম। ইতি - তারিখ বাংলা ১৪০৮ সনের- ৭ ই আশ্বিন ইংরাজী ২০০১ সালের- -২৪ শে- সেপ্টেম্বর ।

## (ক) তপশীল বর্ণিত কুমড়াখালি মৌজায় দানকৃত সম্পত্তির পরিচয় ।

(০) জেলা দক্ষিণ ২৪ পরগনা, থানা ও এ্যাডিঃ সাবরেজিষ্ট্রী অফিস সোনারপুর এলাকাধীন- পরগনা মেদনমল্ল, মৌজা কুমড়াখালি গ্রামের মধ্যে অবস্থিত অধুনা রাজপুর সোনারপুর পৌরসভার অন্তর্গত ২৫ নং ওয়ার্ডভুক্ত- রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বের বর্তমান মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে দক্ষিণ ২৪ পরগনা কালেকটার বাহাদুর অধীনে জেঃ এল নং- ৪৮ , রে, সা, নং ১৩১ , তৌজি নং ২৬০ ভুক্ত- । আর- এস - ৫৮৩ (পাঁচ শত তিরাশি) নং খতিয়ানভুক্ত- একজমায় ৪৭ শতক জমির বার্ষিক খাজনা ৪.৭৭ টাকা জমার মধ্যে ... ১৪ -১/২- শতক জমির বার্ষিক হারাহারি খাজনা .৯৮ পয়সা জমা ।

আর-এস - ১১৩৫ (এগার শত পঁয়ত্রিশ) নং দাগে ডাঙ্গাঁ ১৫ শতক মধ্যে দানকৃত ০৭ ১/২ ( সাড়ে সাত )শতক জমি ।

আর- এস - ১২১৯ (বার শত উনিশ) নং দাগে বাগান ১৪ শতক মধ্যে দানকৃত -- ০৭ (সাত শতক জমি এবং ---

(২) জেলা, থানা, স্বত্ব ও মালিক ঐ, মৌজা কুমড়াখালি , আর, এস বা হাল - ৫৮৯ (পাঁচ শত উনননব্বুই) নং খতিয়ানভুক্ত- একজমায় ০৬ শতক জমির বার্ষিক খাজনা ৫১ পয়সা জমার মধ্যে ০৩ শতক জমির হারাহারি খাজনা ২৬ পয়সা জমা ।

হাল - ১২১৮ (বার শত আঠার) নং দাগে শালি ০৬ শতক মধ্যে দানকৃত ০৩(তিন শতক জমি।

(৩) জেলা, থানা, স্বত্ব ও মালিক ঐ, মৌজা কুমড়াখালি - হাল ৭৭২ (সাত শত বাহাত্তর ) নং খতিয়ানভুক্ত- একজমায় ৪৫ শতক নিষ্কর জমির মধ্যে ৭ --১/৪ শতক নিষ্কর জমাভুক্ত- জমি ।

হাল - ১০৪৩ (এক হাজার তেতাল্লিশ) নং দাগ, হল্কা ১১০৬ নং দাগে ০৩ শতক মধ্যে - দানকৃত ০১ -১/২- (দেড়) শতক জমি এবং

হাল - ১০৪৪ (এক হাজার চুয়াল্লিশ) নং দাগে শালি ১১ -১/২- শতক মধ্যে পশ্চিম হইতে দানকৃত ০৫ --৩/৪-(পাঁচ পর্ণতিনের চার) শতক জমি ।

(৪) জেলা, থানা, স্বত্ব ও মালিক ঐ, কুমড়াখালি মৌজাস্থিত হাল - ৯৩০ (নয় শত ত্রিশ) নং খতিয়ানভুক্ত- একজমায় ৫০ শতক জমির বার্ষিক খাজনা ৩-১৮ টাকা জমার মধ্যে ১৬ --১/৪- শতক জমির হারাহারি খাজনা ১১০ পয়সা জমা । হল্কা খতিয়ান- ৫৬৪ নং, হল্কা ১২১৫ নং দা

হাল - ১১৪৬ (এগার শত ছেচল্লিশ) নং দাগে ডাঙ্গাঁ ২৭ -১/২- শতক মধ্যে পূর্বাংশ হইতে দানকৃত ১৩ -৩/৪- (তের পূর্ণ তিনের চার) শতক জমি এবং -

হাল - ১১৪৭ (এগার শত সাতচল্লিশ) নং হল্কা ১২১৬ নং দাগে শালি জমির মধ্যে -- পূর্বদিক হইতে দানকৃত ০২ -১/২- (আড়াই) শতক জমি ।

(৫) জেলা, থানা, স্বত্ব ও মালিক ঐ, কুমড়াখালি মৌজাস্থিত হাল - ৯৪৮ (নয় শত - আটচল্লিশ) নং খতিয়ানভুক্ত- একজমায় ২৮ শতক জমির বার্ষিক খাজনা ১৩২ পয়সা জমার মধ্যে ০৭ শতক জমির হারাহারি খাজনা ৩৩ পয়সা জমা। হল্কা খতিয়ান নং ৫৬৪ ভুক্ত-। হাল ১১১২ (এগার শত বার) নং দাগ, হল্কা ১১৭৮ নং দাগে শালি ১৪ শতক মধ্যে- দানকৃত ০৭ সাত শতক জমি এবং ..

(৬) জেলা, থানা, স্বত্ব ও মালিক ঐ, মৌজা কুমড়াখালি - হাল - ~~১১৩৪ (এগার শত চৌত্রি~~ ৯৪৯ (নয় শত উনপঞ্চাশ) নং খতিয়ানভুক্ত- একজমায় ৪৩ শতক জমির বার্ষিক নিস্কর জমাভুক্ত- জমির মধ্যে ১০ -৩/৪- শতক নিস্কর জমি, হল্কা ৫৬৪ নং খতিয়ানভুক্ত-। হাল - ১১৩৪ (এগার শত চৌত্রিশ)নং দাগ, হল্কা ১২০৩ নং দাগে ডাঙ্গা ৪৩ শতক মধ্যে ২১ -১/২- শতক তন্মধ্যে দানকৃত উত্তর দিক হইতে ১০ -৩/৪- দশ পর্ণ তিনের চার শতক।

(৭) জেলা, থানা, স্বত্ব ও মালিক ঐ, কুমড়াখালি মৌজাস্থিত, হাল ১০০৩ (এক হাজার তিন) নং খতিয়ানভুক্ত- একজমায় ০৪ শতক জমির বার্ষিক খাজনা ২০০ পয়সা জমা। হল্কা খতিয়ান ৫৬৪ নং ভুক্ত- ।

হাল ১২২৯ (বার শত উনত্রিশ) নং দাগ, হল্কা ১৩০০ নং দাগে ডাঙ্গা দানকৃত ৪ (চার) শতক জমি এবং ...

(৮) জেলা, থানা, স্বত্ব মালিক ঐ, কুমড়াখালি মৌজাস্থিত হাল - ১০০৬ (এক হাজার ছয়) নং খতিয়ানভুক্ত- একজমায় ২৮ শতক জমির বার্ষিক খাজনা ১৭৭ পয়সা জমার মধ্যে ৫ শতক জমির বার্ষিক হারাহারি খাজনা ৩৩ পয়সা জমা। হল্কা খতিয়ান - ৫৬৪ নং ভুক্ত- । হাল - ১২২৮ (বার শত আটাশ)হল্কা ১২৯৯ নং দাগে ডাঙ্গা দানকৃত ০৫ পাঁচ শতক জমি -

(৯) জেলা, থানা, স্বত্ব ও মালিক ঐ, কুমড়াখালি মৌজাস্থিত হাল - ১০৪১ (এক হাজার- একচল্লিশ) নং খতিয়ানভুক্ত- একজমায় ২২৫ শতক জমির বার্ষিক খাজনা ১১.১০ টাকা জমার মধ্যে ৫৯ -১/২- শতক জমির বার্ষিক হারাহারি খাজনা ২৯৬ পয়সা জমা। হল্কা খতিয়ান- ৫৬৪ নং ভুক্ত- ।

হাল - ১০৯৯ (এক হাজার নিরানব্বই) নং দাগে শালি ১১ শতক মধ্যে দানকৃত - ০৫ ½ (সাড়ে পাঁচ শতক)জমি এবং-

হাল- ১১০৫ (এগার শত পাঁচ)নং দাগ, যাহা হন্কা ১১৭১ নং দাগে ডাঙ্গা ১০ শতক মধ্যে দক্ষিণ দিক হইতে দানকৃত ০৫ (পাঁচ শতক) জমি এবং-

হাল ১১১০ (এগার শত দশ) নং দাগ, হন্কা ১১৭৫ নং দাগে বাস্তু ৮২ শতক মধ্যে ৪১ শতক তন্মধ্যে দক্ষিণ দিক হইতে দানকৃত ২১ (একুশ) শতক জমি যায় তদুপরিস্থিত-ছাদযুক্ত- ৭০০ স্কোয়ারফুট বহু পুরাতন ইমারত গৃহাদি যায় সাজপাটাদি সমেত ।

হাল - ১১১৬ (এগার শত ষোল) নং দাগ, যাহা হন্কা ১১৮২ নং দাগে ডাঙ্গা ৫৪ শতক মধ্যে ২৭ শতক তন্মধ্যে উত্তর দিক হইতে দানকৃত ১৩ ½ (সাড়ে তের) শতক জমি এবং-

হাল - ১১৩৯ (এগার শত উনচল্লিশ) নং দাগ, হন্কা ১২০৮ নং দাগে ডাঙ্গা ০৯ শতক মধ্যে উত্তর দিক হইতে দানকৃত ০৪ ½ শতক জমি এবং--

হাল - ১১৪০ (এগার শত চল্লিশ) নং দাগ, হন্কা ১২০৯ নং দাগে ডাঙ্গা ২০ শতক মধ্যে দক্ষিণ দিক হইতে দানকৃত ১০ (দশ) শতক জমি ।

(১০) জেলা, থানা, স্বত্ব মালিক ঐ, কুমড়াখালি মৌজাস্থিত, হাল - ১০৪৩ (এক হাজার - তেতাল্লিশ) নং খতিয়ানভুক্ত- (সামিল কুশুম্বা মৌজার ১১২০ নং খতিয়ানের জমি সহ) একজমায় ৩০ শতক জমির বার্ষিক খাজনা ২.১১ টাকা জমার মধ্যে ০৯ শতক জমির-বার্ষিক হারাহারি খাজনা ৬৪ পয়সা জমা। হন্কা খতিয়ান ৫৬৪ নং লিপিবদ্ধ।

হাল - ১১৩৬(এগার শত ছত্রিশ) নং দাগ, হন্কা ১২০৫ নং দাগে বাগান ১৩ শতক মধ্যে দক্ষিণ দিক হইতে দানকৃত ০৬ ½ (সাড়ে ছয় ) শতক জমি এবং-

হাল - ১১৪১ (এগার শত একচল্লিশ) নং দাগ, হন্কা ১২০৮ নং দাগে শালি ২৩ শতক মধ্যে ০৫ শতক তন্মধ্যে দানকৃত ০২ ½ (আড়াই) শতক জমি এবং-

(১১) জেলা, থানা, ঐ, কুমড়াখালি মৌজাস্থিত হাল- ১০৪৪ (এক হাজার চুয়াল্লিশ) নং - খতিয়ানভুক্ত- (সামিল কুশম্না মৌজায় ১১০৬ নং খতিয়ানের জমি সহ) মোট ২৩ শতক - জমির বার্ষিক খাজনা ১.৯২ টাকা জমার মধ্যে ০৬ $\frac{৩}{৪}$ শতক জমির বার্ষিক হারাহারি খাজনা ৫৮ পয়সা জমা। হস্কা ৫৬৪ নং খতিয়ানভুক্ত।

হাল- ১১৩৭ (এগার শতসাইত্রিশ)নং দাগ, হস্কা ১২০৬ নং দাগে শালি ১৩ শতক মধ্যে - দক্ষিণ দিক হইতে দানকৃত ০৬ $\frac{১}{২}$ (সাড়ে ছয়) শতক জমি এবং--

হাল- ১১৪১ (এগার শত একচল্লিশ)নং দাগ, হস্কা ১২১১ নং দাগে শালি ২৩ শতক মধ্যে- পশ্চিম দিক হইতে দানকৃত $\frac{১}{৪}$ (একের চার) শতক জমি এবং---

(১২) জেলা, থানা, স্বত্ব ঐ, কুমড়াখালি মৌজার অন্তর্গত হাল - ১০৪৫ (এক হাজার পঁয়তাল্লিশ) নং খতিয়ানভুক্ত- একজমায় ১৪ শতক নিস্কর জমির মধ্যে ০৭ শতক নিস্কর জমাভুক্ত- জমি। যাহার হস্কা খতিয়ান- ৫৬৪ নং ভুক্ত- ।

হাল- ১১২৭ (বার শত সাতাশ) নং দাগ, হস্কা ১২৯৮ নং দাগে ডাঙ্গাঁ ১৪ শতক মধ্যে- পশ্চিম দিক হইতে দানকৃত ০৭ (সাত) শতক জমি এবং--

(১৩) জেলা, থানা ঐ, কুমড়াখালি মৌজাস্থিত হাল ১০৫৪ (এক হাজার চুয়ান্ন) নং খতিয়ানভুক্ত- (সামিল কুশম্না মৌজায় ১০০৭ নং খতিয়ানের জমি সহ) মোট ২১ শতক জমির বার্ষিক খাজনা ১.৮০ পয়সা জমার মধ্যে ০৮ শতক জমির বার্ষিক হারাহারি খাজনা ৯০ পয়সা জমা । যাহার এল,আর বা হস্কা খতিয়ান ৫৬৪ নং ভুক্ত- ।

হাল- ১১৪২ (এগার শত বিয়াল্লিশ) নং দাগ, হস্কা ১২১১ নং দাগে বাগান ১০ শতক মধ্যে ০৫ শতক অংমধ্যে দানকৃত ০২ $\frac{১}{২}$ (আড়াই ) শতক জমি এবং---

হাল ১২০৯ (বার শত নয়) নং দাগ, হস্কা ১২৮০ নং দাগে ডাঙ্গাঁ ২২ শতক মধ্যে ১১ শতক অংমধ্যে দানকৃত ০৫ $\frac{১}{২}$ (সাড়ে পাঁচ) শতক জমি এবং-

(১৪) জেলা, থানা, ঐ, মৌজা কুমড়াখালি গ্রামে অবস্থিত , হাল ১০৯৯ (এক হাজার নিরানব্বই) নং খতিয়ানভুক্ত-(সামিল কুশম্না মৌজায় ১১১৪ নং খতিয়ানের জমি সহ) ৭৫ শতক জমির বার্ষিক খাজনা ১১.৬৬ টাকা জমার মধ্যে ৩৪ $\frac{১}{২}$ শতক জমির হারাহারি খাজনা ৫৪৪ পয়সা জমা। হস্কা খতিয়ান - ৫৬৪ নং ভুক্ত- ।

হাল ১১১১/২২২৬ (এগার শত এগার বাঁটা বাইশ শত ছাব্বিশ) নং দাগ, হল্কা ১১৭৭ নং দাগে ডাঙ্গাঁ ২৭ শতক মধ্যে পশ্চিম দিক হইতে ১৩ ১/২ (সাড়ে তের) শতক জমি এবং...

হাল - ১১১৩ (এগার শত তের) নং দাগ, হল্কা - ১১৭৯ নং দাগে শালি দানকৃত ... ২১ (একুশ) শতক জমি এবং..

(১৫) জেলা, থানা, ঐ, মৌজা কুমড়াখালি হাল- ১১০০ (এগার শত )নং খতিয়ানভুক্ত- মায় সামিল জমার জমি সহ মোট ১২ শতক জমির বার্ষিক খাজনা ২.১৬ টাকা জমার মধ্যে- ০৩ শতক জমির বার্ষিক হারাহারি খাজনা ৫৪ পয়সা জমা। হল্কা খতিয়ান ৫৬৪ নং ভুক্ত-। হাল ১১৪১ (এগার শত একচল্লিশ) নং দাগ, হল্কা ১২০৮ নং দাগে শালি ১২ শতক মধ্যে ০৬ শতক তন্মধ্যে দানকৃত ০৩ (তিন) শতক জমি এবং..

(১৬) জেলা, থানা ঐ, কুমড়াখালি মৌজাস্থিত হাল - ১১০২ (এগার শত দুই) নং খতিয়ানভুক্ত- একজমায় ৬৪ শতক জমির বার্ষিক খাজনা ১১.০৩ টাকা জমার মধ্যে ০৫ ১/২ শতক জমির হারাহারি খাজনা ৯০ পয়সা জমা। [illegible]

হাল - ১১৩৮ (এগার শত আটত্রিশ) নং দাগে ডাঙ্গাঁ ১১ শতক মধ্যে দানকৃত ৫ ১/২ (সাড়ে - পাঁচ) শতক জমি এবং...

(১৭) থানা, জেলা ঐ, কুমড়াখালি মৌজাস্থিত হাল - ১১২০ নং হইতে খন্ড ১৫৬৫ -- (পনের শত পঁয়ষট্টি) নং খতিয়ানভুক্ত- একজমায় ৮৮ শতক জমির বার্ষিক খাজনা ৪.৮১ - টাকা জমার মধ্যে ০৮ শতক জমির হারাহারি খাজনা ৪৪ পয়সা জমা । হল্কা খতিয়ান -- ৫৬৪ নং ভুক্ত- ।

হাল - ১৯৩৮ (উনিশ শত আটত্রিশ) নং দাগ, হল্কা ২১১৪ নং দাগে শালি ৩২ শতক মধ্যে ১৬ শতক তন্মধ্যে পশ্চিম দিক হইতে দানকৃত ০৮ (আট) শতক জমি এবং ...

উল্লেখিত (ক) তপশীলে বর্ণিত কুমড়াখালি মৌজাস্থিত মোট ১৭ টি খতিয়ানের অধীন - ২৭ টি দাগের অন্তর্গত মোট - ২.০১ (দুই একর নয়) শতক পরিমিত জমি সায়- বাস্তু ভূমিস্থিত পাকা ছাদযুক্ত- ৭০০ স্কোয়ারফুট পরিমাপে বহুপুরাতন ইমারত গৃহাদি- সমেত দানকৃত সম্পত্তি হইতেছে। যাহার আনুমানিক মূল্য ৩০০০০০ টাকা এবং ...

(খ) তপশীল বর্ণিত, কুশমুা মৌজার অন্তর্গত

দানকৃত সম্পত্তির পরিচয় ।

জেলা - দক্ষিণ ২৪ পরগনা, থানা ও এ্যাঃ ডিঃ সাবরেজিষ্ট্রী অফিস সোনারপুর এলাকাধীন- পরগনা মেদনমল্ল, মৌজা কুশমুা গ্রামের মধ্যে অবস্থিত রাজপুর সোনারপুর মিউনিসিপ্যালিটীর অন্তর্গত ৬ নং ওয়ার্ডভুক্ত- রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বের বর্তমান মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে দক্ষিণ ২৪ পরগনা কালেকটার বাহাদুর অধীনে জেঃএলঃনং ৫০, রে, সা, নং ১৩৮, তৌজি ২৬০ ভুক্ত- । হাল ২২৬ নং হইতে খণ্ড - ১২৬৩ (বার শত তেষট্টি) নং ১২৬৪ (বার শত চৌষট্টি) নং ও ১২৬৫ (বার শত পঁয়ষট্টি) নং অর্থাৎ তিনটি খতিয়ানের অন্তর্গত ২০ শতক জমির বার্ষিক খাজনা ১.৪০ টাকা জমার মধ্যে ০৫ শতক জমির বার্ষিক হারাহারি খাজনা ৩৫ পয়সা জমা ।

হাল - ১৬৯৬ (ষোল শত ছিয়ানব্বই) নং দাগে ডাঙ্গা ২০ শতক মধ্যে ১০ শতক তন্মধ্যে দক্ষিণ দিক হইতে দানকৃত ০৫ (পাঁচ ) শতক জমি এবং--

(২) জেলা, থানা ঐ, কুশুম্বা মৌজাস্থিত হাল- ৬৪৯ (ছয় শত উনপঞ্চাশ) হইতে খন্ড - ১২৯৮ ,১৩০০ ,১৩০২ ,১৩০৪ চারটি খতিয়ানের ১৪ শতক জমির বার্ষিক খাজনা - ১-১৬ টাকা জমার মধ্যে ০৩ শতক জমির হারাহারি খাজনা ২৫ পয়সা জমা ।

হাল - ১৭০০ (সতের শত) নং দাগে শালি ০৬ শতক মধ্যে দানকৃত ০৩(তিন) শতক জমি।

(৩) জেলা, থানা ঐ, কুশুম্বা মৌজাস্থিত হাল ৮৩৭ (আট শত সাইত্রিশ) নং খতিয়ানভুক্ত-- একজমায় ১৪ শতক নিস্কর জমির মধ্যে ০৩-১/২ শতক নিস্কর জমি।

হাল - ৩৩২ (তিন শত বত্রিশ) নং দাগে ডাঙ্গা ১৪ শতক মধ্যে ০৭ শতক তন্মধ্যে - দানকৃত ০৩ -১/২ (সাড়ে তিন) শতক এবং--

(৪) জেলা, থানা ঐ, মৌজা কুশুম্বা , হাল - ৮৩৮ (আট শত আটত্রিশ) নং খতিয়ানভুক্ত- একজমায় ৩৭ শতক জমির বার্ষিক খাজনা নিস্কর জমাভুক্ত- জমির মধ্যে ০৯ --১/৪ শতক নিস্কর জমি ।

হাল - ১৭১৪ (সতের শত চৌদ্দ) নং দাগে ডাঙ্গা ৩৭ শতক মধ্যে ১৮ --১/২ শতক তন্মধ্যে দানকৃত ০৯ --১/৪ (নয় পূর্ণ একের চার) শতক জমি এবং--

(৫) জেলা, থানা ঐ, কুশুম্বা মৌজার অন্তর্গত হাল ১১১৯ (এগার শত উনিশ) নং খতিয়ান ভুক্ত- একজমায় ১৯ শতক জমির বার্ষিক খাজনা ৪-৮৪ টাকা জমার মধ্যে ০৬ --৩/৪ শতক জমির বার্ষিক হারাহারি খাজনা ৬০ পয়সা জমা ।

হাল- ১৬৭০ (ষোল শত সত্তর) নং দাগে শালি ০৭ শতক মধ্যে দানকৃত ১ ৩/৪ (এক পূর্ণ তিনের চার) শতক জমি এবং--

হাল- ৩৩০ (তিন শত ত্রিশ)নং দাগে ডাঙ্গা ২০ শতক মধ্যে ১০ শতক তন্মধ্যে দানকৃত- ০৫ (পাঁচ) শতক জমি ।

(৬) জেলা, থানা ঐ, মৌজা কুশুম্বা -- হাল ১১২০ (এগার শত কুড়ি) নং খতিয়ানভুক্ত- (সাবিন কুমড়াখালি মৌজায় ১০৪৩ নং খতিয়ান সহ) একজমায় ১৪ শতক জমির খাজনা ৯৮ পয়সা জমার মধ্যে ০৪ শতক জমির হারাহারি খাজনা ২৮ পয়সা জমা ।

হাল - ১৬৫৮ (ষোল শত আটান্ন) নং দাগে শালি ০৮ শতক মধ্যে পশ্চিম দিক হইতে দানকৃত ০৪ (চার শতক) জমি সহ

উল্লেখিত (খ) তপশীল বর্ণিত কুশুম্বা মৌজাস্থিত মোট ১১ টি খতিয়ানের অধীন ৭ টি - দাগের অন্তর্গত মোট - ৩১ $\frac{১}{২}$ শতক (একত্রিশ পূর্ণ একের দুই) জমি দানকৃত সম্পত্তি- হইতেছে । যাহার আনুমানিক মূল্য ৫০,০০০.০০ ...... টাকা । এবং -

(গ) তপশীল বর্ণিত জয়েনপুর মৌজার অন্তর্গত দানকৃত সম্পত্তির পরিচয় ॥

জেলা - দক্ষিণ ২৪ পরগনা, থানা ও এ্যাডি: সাবরেজিষ্ট্রী অফিস সোনারপুর এলাকাধীন- পরগনা মাগুরা, মৌজা জয়েনপুর গ্রামের মধ্যে অবস্থিত রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বের মালিক প:ব: রাজ্য সরকার পক্ষে দক্ষিণ ২৪ পরগনাকালেকটার বাহাদুর অধীনে জে:এলনং - ৬৬ , রে, সা, নং ১৯৭ $\frac{১}{২}$ , তৌজি ১০৬২ ভুক্ত , বনহুগলী গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত । - ২০০ (দুই শত )নম্বর- খতিয়ানভুক্ত- জমির মধ্যে ৮১ শতক জমির বার্ষিক হারাহারি খাজনা ১০০ পয়সা জমা । আনুমানিক মূল্য - ৫০,০০০ টাকা ।

হাল - ৫৩০ (পাঁচ শত ত্রিশ) নং দাগে শালি ১৬২ শতক জমির মধ্যে ॥ - অংশে দানকৃত ৮১ (একাশি) শতক জমি সহ ।

উল্লেখিত (ক) তপশীল বর্ণিত কুড়াখালি মৌজা, (খ) তপশীল বর্ণিত কুশুম্বা মৌজা এবং (গ) তপশীল বর্ণিত জয়েনপুর মৌজা এই তিনটি মৌজার অন্তর্গত সর্বমোট - ৩.২১ ½ (তিন একর একুশ পূর্ণ একের দুই) শতক পরিমিত জমি সায় যাবতীয় বৃক্ষাদি সায় -- বাস্তুভূমিস্থিত ৭০০ স্কোয়ারফুট পুরাতন ইমারত গৃহাদি সায় যাবতীয় ব্যবহারিক -- ইজমেন্ট স্বত্বাদি সমেত অত্র দানপত্রের দ্বারা দানকৃত সম্পত্তি আদি হইতেছে। যাহার প্রকৃত আনুমানিক মূল্য - ৪,০০০০০ চার লক্ষ টাকা এবং সরকারী নির্দ্ধারিত -- আনুমানিক মূল্য - ২৫,০০০০০.০০ (পঁচিশ) লক্ষ টাকা।

অত্র দানপত্র দলিল পাঠ করাইয়া ও পাঠ শুনাইয়া দানপত্র দাতাকে অত্র দানপত্র দলিলের সম্যক মর্ম্ম ও ফলাফল অবগত করাইলাম।

" দানপত্র গ্রহীতাদ্বয় আমরা পিতার দ্বিয়ত দান সানন্দে গ্রহন করিয়া অদ্যই দানকৃত সমূহ সম্পত্তির দখল - পিতার নিকট হইতে বুঝিয়া লইলাম।

মুসাবিদাকারক :--

লাইসেন্স প্রাপ্ত দলিল লেখক -
আবদুল রসিদ হালদার।
লাইসেন্স নং ৩১।১৫,
সোনারপুর এ্যাডিঃ সাবরেজিষ্ট্রী অফিস।

টাইপকারক :--
সোনারপুর- সাবরেজিষ্ট্রী অফিস।

ইসাদি :---
১। -
২। -